

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী :

সভাপতি : মোছাঃ সাকিলা বেগম  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
গোবিন্দগঞ্জ,গাইবান্ধা।

তারিখ : ১০/০১/২০২২খ্রিঃ  
সময় : সকাল ১১.০০ ঘটিকায়।  
স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সভ্যগণের নাম : পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

অধ্যকার সভায় উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব ও উপজেলা সমবায় অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধাকে সভা পরিচালনার অনুরোধ জানানো হয়।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব ও উপজেলা সমবায় অফিসার সভা পরিচালনা করেন এবং পর্যায়েক্রমে বিষয় ভিত্তিক কার্যক্রম উপস্থাপন,আলোচনা ও নিমোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র : নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী
০১	গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপিত হয়নি।	কার্যবিবরণী সর্বস্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।	
০২	পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি)	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে এবং উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় পঞ্চম পর্যায়ে বাস্তবায়নের জন্য বিআরডিবি দপ্তরের পক্ষ থেকে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরনের জন্য চিঠি প্রদান করা হয়েছে। উক্ত চিঠির আলোকে তিনি সকল সদস্যদেরকে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প নির্ধারণ করার অনুরোধ জানান। সদস্যগণ আলোচনায় বলেন যে, গোবিন্দগঞ্জ উপজেলায় গ্রামীণ বেকার মহিলাদের ব্লক বাটিক বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য মতামত প্রদান করেন।	ক)বিভাগীয় কার্যক্রম যথা নিয়মে সমপন্ন করতে হবে। খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় “ বেকার গ্রামীণ মহিলাদের জন্য ব্লক ও বাটিক বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ” শিরোনামে ১৫ জনকে ২০ দিনের প্রশিক্ষণ প্রদানের প্রস্তাবনা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণ করা হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩	সমবায় দপ্তর	উপজেলা সমবায় অফিসার জানান যে সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় পঞ্চম পর্যায়ে বাস্তবায়নের জন্য সমবায় দপ্তরের পক্ষ থেকে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরনের জন্য চিঠি প্রদান করা হয়েছে। উক্ত চিঠির আলোকে তিনি সকল সদস্যদেরকে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প নির্ধারণ করার অনুরোধ জানান। সদস্যগণ আলোচনায় বলেন যে, গোবিন্দগঞ্জ উপজেলায় সমবায়ীদের জন্য বিউটিফিকেশন বিষয়ে সক্ষমতা	ক) বিভাগীয় কার্যক্রম যথা নিয়মে সমপন্ন করতে হবে। খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় “ সমবায়ীদের জন্য বিউটিফিকেশন বিষয়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ” প্রস্তাবনা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণ	উপজেলা সমবায় কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

		করেন।		
--	--	-------	--	--

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

১০/০১/২২  
মোছাঃ সাকিলা বেগম  
মহিলা ভাইস চেয়ারম্যান  
ও


সভাপতি  
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক  
স্থায়ী কমিটি  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং ৪৭.৬১.৩২৩০.০০০.০৬.০০২.১৬-১০(৭)

তারিখঃ ১০/০১/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৫। চেয়ারম্যান, দরবস্ত ইউপি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৬। চেয়ারম্যান, নাকাই ইউপি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৭। সদস্য, সংরক্ষিত আসন, ০১নং ওয়ার্ড, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৮। অফিস কপি।

  
(মোঃ আব্দুল জলিল)

উপজেলা সমবায় অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।